গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯৪.১৯-৪৯৪

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৬ ব.
২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ১৫৩৬১/২০১৮ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৫৩৬১/২০১৮ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৫৩৬১/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১৫৩৬১/২০১৮ | জনাব মো: জহিরুল হক ভুইয়া, কম্পিউটার ডেমোনেষ্ট্রেটর, পলাশ শিল্পাঞ্চল কলেজ, উপজেলা পলাশ, জেলা নরসিংদী | সচিব, টিএমইডি, পরিচালক (ভোকেশনাল), ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জন। | কারিগরি শিক্ষা স্তরে এইচএসসি (বিএম) শাখায় কম্পিউটার ডেমোনেষ্টেটর কাম মেকানিক পদে নিয়োগপ্রাপ্তদের মধ্যে নিয়োগের পূর্বেই ২০১০ জনবল কাঠামোর আলোকে কাম্য শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ অর্জিত ২৭ জন কম্পিউটার ডেমোনেষ্টেটর কাম মেকানিকের ১০ম কোডে বেতন-ভাতা প্রদান করে ডিটিই হতে ০১/১০/২০১৬ তারিখে ৫৭.০৩.০০০০.০১৮.৯৯.০০২.১৮-৯৮২ সংখ্যক স্মারকে অফিস আদেশ জারী করা হয়।<br>উক্ত আদেশের ২০ নং ক্রমিকে নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন পলাশ শিল্পাঞ্চল কলেজের কম্পিউটার ডেমোনেষ্টেটর কাম মেকানিক জনাব মো: জহিরুল হক ভুইয়া'র নাম রয়েছে।<br>পরবর্তীতে উক্ত কম্পিউটার ডেমোনেষ্টেটর কাম মেকানিক জনাব মো: জহিরুল হক ভুইয়া (ইনডেক্স নং-১৩২৫০৮৩৪) এর নিয়োগকালীন প্রশিক্ষণ সনদ না থাকায় এবং যথাযথভাবে এমপিও অনুমোদন না হওয়ায় তার এমপিও বাতিল করা হলো মর্মে ডিটিই হতে ১৮/১১/২০১৮ তারিখে ৫৭.০৩.০০০০.০২৮.০৯৪. ৩১.১৮-১০২১ সংখ্যক স্মারকে অফিস আদেশ জারী করা হয়।<br>ফলে তাঁর কম্পিউটার ডেমোনেষ্টেটর কাম মেকানিক পদে এমপিও প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: জহিরুল হক ভুইয়া কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৫৩৬১/২০১৮ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৭/১২/২০১৮ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনারের এমপিও বাতিলকরণ সংক্রান্তে ডিটিই হতে ১৮/১১/২০১৮ তারিখে ৫৭.০৩.০০০০.০২৮.০৯৪.৩১.১৮-১০২১ সংখ্যক স্মারকে জারীকৃত অফিস আদেশের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনারের পদে (কম্পিউটার ডেমোনেষ্টেটর কাম-মেকানিক) এমপিও প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১৪/০১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১৫৩৬১/২০১৯ মামালায় ১৭/১২/২০১৮ তারিখের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কীনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১০/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৫/০৯/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।